

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪৯৩

১৩/ সুনাহ

পরিচ্ছেদঃ সুন্নাহ পালনের গুরুত্ব ও তার কিছু আদব প্রসঙ্গে

আরবী

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ: جَاءَتْ مَلَائِكَةٌ إِلَى النَّبِي عَلَيْ وَهُوَ نَائِمٌ فَقَالَ بَعْضُهُمْ إِنَّ الْعَيْنَ نَائِمَةٌ وَالْقَلْبَ يَقْظَانُ فَقَالُوا إِنَّ لِصَاحِبِكُمْ هَذَا مَثَلًا فَاصْرِبُوا لَهُ مَثَلًا فَقَالُ بَعْضُهُمْ إِنَّ الْعَيْنَ نَائِمَةٌ وَالْقَلْبَ يَقْظَانُ فَقَالُوا مَثَلُهُ مَثَلًا فَقَالُوا مَثَلُهُ مَثَلًا فَقَالُ بَعْضُهُمْ إِنَّ الْعَيْنَ نَائِمَةٌ وَالْقَلْبَ يَقْظَانُ فَقَالُوا مَثَلُهُ مَثَلًا رَجُل بَنَى دَارًا وَجَعَلَ فِيهَا مَأْدُبَةً وَبَعَثَ دَاعِيًا فَمَنْ أَجَابَ الدَّاعِي دَخَلَ الدَّارَ وَلَمْ يَأْكُلُ مِنْ الْمَأْدُبَةِ فَقَالُوا كَاللهَ وَمُعَلَ فِيهَا مَأْدُبَةً وَهَالَ بَعْضُهُمْ إِنَّ الْعَيْنَ نَائِمَةٌ وَالْقَلْبَ يَقْظَانُ الْمَأْدُبَةِ فَقَالُوا فَقَالُوا لَهُ يَفْعَهُمْ إِنَّ الْعَيْنَ نَائِمَةٌ وَالْقَلْبَ يَقْظَانُ الْعَيْنَ نَائِمَةٌ وَالْدَّارُ الْجَنَّةُ وَالدَّاعِي مُحَمَّد عَلَيْ فَمَنْ أَطَاعَ مُحَمَّدًا عَلِي فَقَدْ أَطَاعَ اللهَ وَمَنْ عَصَى اللهَ وَمُحَمَّد عَلَيْ فَوْقٌ بَيْنَ النَّاسِ عَصَى اللهَ وَمُحَمَّد عَلِي فَلَ اللهَ وَمُحَمَّد اللهَ وَمُحَمَّد النَّاسِ فَقَدْ عَصَى اللهَ وَمُحَمَّد عَلَيْ فَرْقٌ بَيْنَ النَّاسِ

বাংলা

(১৪৯৩) জাবের (রাঃ) বলেন, একদিন একদল ফিরিশতা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে উপস্থিত হলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন ঘুমাচ্ছিলেন। ফিরিশতাগণ একে অপরকে বলতে লাগলেন, 'তোমাদের এই বন্ধুর একটি উপমা আছে, অতএব তোমরা সেটি বর্ণনা কর।' তখন তাঁদের কেউ বললেন, 'তিনি তো ঘুমিয়ে আছেন।' তাঁদের কেউ বললেন, 'তাঁর চোখে ঘুম থাকলেও তাঁর অন্তর জাগ্রত।' তখন তাঁরা বললেন, 'তাঁর উপমা হল; এক ব্যক্তি একটি গৃহ নির্মাণ করে খাবারের দস্তরখানা প্রস্তুত করে লোকদেরকে দাওয়াত দিয়ে আনার জন্য একজন আহ্বায়ককে প্রেরণ করল। অতঃপর যে ঐ আহ্বায়কের আহ্বানে সাড়া দিল, সে ঐ গৃহে প্রবেশ করে সেখানে রাখা খাবার খেতে পেল।

আর যে আহবায়কের আহবানে সাড়া দিল না, সে ঐ গৃহে প্রবেশ করে সেখানে রাখা খাবার খেতে পেল না।' অতঃপর তাঁরা আপোসে বললেন, 'তোমরা এই উপমার তাৎপর্য বলে দাও, যাতে তিনি বুঝতে পারেন।' এবারও তাঁদের কেউ বললেন, 'তিনি তো ঘুমিয়ে আছেন।' তাঁদের কেউ বললেন, 'তাঁর চোখে ঘুম থাকলেও তাঁর অন্তর জাগ্রত।' তখন তাঁরা বললেন, 'ঐ গৃহ হল জান্নাত। ঐ আহবায়ক হলেন মুহাম্মাদ। সুতরাং যে ব্যক্তি মুহাম্মাদের আনুগত্য করবে, সে আসলে আল্লাহর আনুগত্য করবে। পক্ষান্তরে যে ব্যক্তি মুহাম্মাদের নাফরমানি করবে, সে



আসলে আল্লাহরই নাফরমানি করবে। আর মুহাম্মদ হলেন মানুষের (মুমিন ও কাফেরের) মধ্যে পার্থক্য নির্ধারণকারী (মানদণ্ড)।

ফুটনোট

(বুখারী ৭২৮১, মিশকাত ১৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন